

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে ঔষধ নিয়ে প্রতারণা, চক্রের মূলহোতাসহ গ্রেপ্তার ২

খুলনা অফিস  
১৮ মে ২০২৪, ১১:১৪



প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে ঔষধ ও মেডিক্যাল সামগ্রী ক্রয় প্রক্রিয়ায় প্রতারণা ও জালিয়াতির প্রচেষ্টায় প্রতারক চক্রের মূলহোতাসহ ২ জনকে গ্রেপ্তার করেছে র্যাব-১।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি) ক্রয় প্রক্রিয়ার প্রাথমিক পর্যায়ের অনুসন্ধানে জানা যায় যে, কিছু সংখ্যক প্রতারক চক্র জালিয়াতি ও মিথ্যার আশ্রয় গ্রহণ করে জীবন রক্ষাকারী নকল ঔষধ এবং মেডিক্যাল যন্ত্রপাতি বিক্রি করে সরকারি প্রতিষ্ঠান হতে বড় অঙ্কের টাকা হাতিয়ে নেয়ার চেষ্টা চালাচ্ছে। এর প্রেক্ষিতে উক্ত ঘটনার অনুসন্ধানে র্যাব-১ গোয়েন্দা ও অভিযানিক তৎপরতা শুরু করে।

শুক্রবার (১৭ মে) রাজধানীর মানিকদি ও দিয়াবাড়ি এলাকায় অভিযান পরিচালনা করে নকল সরবরাহকারী ও প্রতারক চক্রের মূলহোতাসহ ২ জন সদস্য প্রতারক মো. নাজমুল হক ও মো. ফারুক হোসেনকে আটক করতে সক্ষম হয়।

প্রতারক মো. নাজমুল হক নিয়মিতভাবে সরকারি প্রতিষ্ঠানে বিভিন্ন উল্লুত দরপত্রে অংশগ্রহণ করে। প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের দেশী ও বৈদেশিক ভেটেরিনারী মেডিসিন ১৮৪ প্রকার এবং মেডিসিন এন্ড এ্যাপ্লায়েন্স ১১০৪ প্রকারের জন্য গত ২৫ আগস্ট ২০২২ তারিখে দরপত্রে অংশগ্রহণ করে।

গত ২৫ এপ্রিল ২০২৩ তারিখ প্রতারক মো. নাজমুল হক মানব জীবন রক্ষাকারী ঔষধ সামগ্রী সরবরাহের লক্ষে সর্বমোট চুক্তি মূল্য ৪,১৯,৯৫,০০০ টাকার বিপরীতে নিরাপত্তা জামানত বাবদ ৪১,৯৯,৫০০ টাকা উত্তরা ব্যাংক লি., লোকাল অফিস, ঢাকার নামে ভূয়া পে-অর্ডার জমা করে।

পাশাপাশি গত ৭ মে ২০২৩ তারিখ ডেলিভারী চালানোর মাধ্যমে দুইটি আইটেম যাহার নং-৪৬৯ মূল্য ২৫,৫০,০০০ টাকা ও আইটেম নং- ৫৮০ মূল্য ৭০,০০,০০০ টাকা সরবরাহ করে। সরবরাহকৃত ০২ প্রকার মেডিসিন যথাক্রমে Inj Hepabig (Hepatitis B Immune Globulin, Human) এবং Inj WinRho (Human Anti-D Immuno-globulin) ঔষধ সমূহের গুণগত মান সম্পর্কে সন্দেহ হলে নিয়ম মোতাবেক ঔষধের গুণগত মান পরীক্ষা নিরীক্ষা করে ট্রেড ফেয়ার ইন্টারন্যাশনাল স্বত্বাধিকারী প্রতারক মো. নাজমুল হক Royal Traders কোম্পানীর DAR নম্বরটি তার নকল ঔষধ দুটিতে ব্যবহার করে প্রতারনার আশ্রয় গ্রহণ করে।

এছাড়াও, উক্ত প্রতারক মো. নাজমুল হক গত ১৩ এপ্রিল ২০২৩ তারিখ ১২ (বার) প্রকারের বিভিন্ন ভেটেরিনারি ঔষধ সামগ্রী সরবরাহের জন্য সর্বমোট চুক্তি মূল্য ১২,২০,০৯০ টাকার বিপরীতে নিরাপত্তা জামানত বাবদ ১,২২,০০৯ টাকা ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ইউসিবিএল গুলশান শাখা, ঢাকার নামে ভূয়া পে-অর্ডার জমা করে। পাশাপাশি গত ০৭ মে ২০২৩ তারিখে ডেলিভারী চালানোর মাধ্যমে দুইটি আইটেম যাহার নং-৭০৪২ মূল্য ১,১৫,০০০- টাকা ও আইটেম নং-৭০৮০ মূল্য ২,৯০,০০০ টাকা সরবরাহ করে। সরবরাহকৃত ০২ প্রকার মেডিসিন যথাক্রমে (Inj Mastijet Forte Batch/Lot No A101A03 ও Inj Eurican DHPP12 LR Vaccine Batch/Lot No L419255) ঔষধ সমূহের গুণগত মান সম্পর্কে সন্দেহ হলে নিয়ম মোতাবেক ঔষধের গুণগত মান পরীক্ষা নিরীক্ষা করে ট্রেড ফেয়ার ইন্টারন্যাশনাল স্বত্বাধিকারী প্রতারক মোঃ নাজমুল হক সরকার অনুমোদিত বৈধ আমদানীকারক কর্তৃক আমদানীকৃত নির্দিষ্ট ভেটেরিনারি ঔষধ সরবরাহ না করে নকল ২টি ভেটেরিনারি ঔষধ সরবরাহ করে, যা প্রাণী স্বাস্থ্যের জন্য হুমকী স্বরূপ।

অপরদিকে প্রতারক মো. ফারুক হোসেন সেগুনবাগিচা, ঢাকা প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে বিদেশের একটি কোম্পানীর (USA) নামে ভূয়া এবং জাল সনদপত্র তৈরী করে সশস্ত্রবাহিনীর জন্য মেডিক্যাল যন্ত্রপাতি বিক্রয়ের নিমিত্তে দরপত্রে অংশগ্রহণ করে জালিয়াতির আশ্রয় নেয়। যা পরবর্তীতে প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি) কর্তৃক উৎখাচিত হয়ে র্যাব-১ কর্তৃক ধৃত হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে প্রতারক মো. নাজমুল হক এবং মো. ফারুক হোসেন উভয়েই টেন্ডার প্রক্রিয়ায় প্রয়োজনীয় কাগজপত্র জালজালিয়াতি ও প্রতারনার কথা স্বীকার করে। তারা রাজধানীর বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি থেকে এরকম নকল গুনাগুন মানহীন ঔষধপত্র সংগ্রহ করে। এছাড়াও সংঘবদ্ধ এই প্রতারক চক্রের সাথে একাধিক বিভিন্ন ব্যক্তি ও ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠানের ঘনিষ্ঠ সম্পৃক্ততা রয়েছে।

এ ধরনের প্রতারক চক্র বিভিন্ন প্রতিষ্ঠানে নকল ঔষধ ও মেডিক্যাল যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে মানব জীবনকে চরম ঝুঁকির মধ্যে ফেলবে। এক্ষেপ প্রতারক চক্রের বিরুদ্ধে র্যাব-১ এর সীঁড়াশি অভিযান অব্যাহত থাকবে। শ্রেফতারকৃত আসামিদের সংশ্লিষ্ট থানায় হস্তান্তর প্রক্রিয়াধীন।